

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 08-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**150 years of Vande Mataram :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুনদিল্লির ইন্দিরা গান্ধী ইন্ডোর স্টেডিয়ামে "বন্দে মাতরম" সঙ্গীতের ১৫০ বর্ষপূর্তি উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন। সেখানে তিনি একটি স্মারক ডাকটিকিট এবং মুদ্রাও প্রকাশ করেছেন।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার সচিবালয় প্রাঙ্গণে বন্দে মাতরম গান রচনার ১৫০ বছর পূর্তির রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন, বন্দেমাতরম শুধুমাত্র একটি সঙ্গীতই নয়, এটি আগামী প্রজন্মের মধ্যে দেশাভ্যবোধের ভাবনা ও দেশপ্রেম জাগিয়ে তোলার এক অন্যতম মাধ্যম।

\*\*\*\*\*

**150 years of Vande Mataram-State :**

"বন্দে মাতরম" সঙ্গীতের ১৫০ বর্ষপূর্তি উপলক্ষে গতকাল রাজ্যের বিভিন্ন জেলা ও মহকুমায় নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। জম্পুইজলা মহকুমা শাসকের কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত জম্পুইজলা মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ কলই।

মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে মোহনপুর মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল।

ছৈলেংটায় মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে লংতরাইভ্যালি মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক শঙ্খলাল চাকমা।

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে পানিসাগর নতুন মোটরস্ট্যান্ড প্রাঙ্গণে  
মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিনয়ভূষণ দাস।

\* \* \* \* \*

### **Vandemataram BJP :**

বিজেপির উদ্যোগে গতকাল সন্ধ্যায় আগরতলার উজ্জ্বল্যন্ত প্রাসাদ প্রাঙ্গনে  
বন্দেমাতরম সঙ্গীতের সার্ধশতবর্ষ উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের  
আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা  
বন্দেমাতরম কর্মসূচীকে সকলের কাছে পৌঁছে দেওয়ার উপর গুরুত্ব দেন।  
প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য স্বাধীনতা সংগ্রামে বন্দেমাতরমের  
ভূমিকার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে রাজ্যের দেড়শজন শিল্পী সমবেতভাবে  
বন্দেমাতরম সঙ্গীত ও গৃত্য পরিবেশন করেন।

\* \* \* \* \*

### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রত্নলাল নাথ বলেছেন, রাজ্য এ বছর ধান উৎপাদনে  
উল্লেখযোগ্য সাফল্য এসেছে। খুব শীঘ্ৰই রাজ্যের খোয়াই ও ধলাই জেলা  
খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে। বর্তমানে রাজ্যের তিনটি জেলা  
ও ৩০টি ব্লক ইতিমধ্যে খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠেছে।  
গতকাল পশ্চিম জেলার লক্ষ্মুড়ায় ধানক্ষেত পরিদর্শন এসে তিনি একথা  
বলেন। সেখানে তিনি কৃষকদের সঙ্গে ধান কাটার কাজেও অংশ নেন।

\* \* \* \* \*

### **Prevention of Child Marriage :**

মহিলাদের অধিকার সংক্রান্ত বিষয়ে গতকাল কাঞ্চনপুর টাউন হলে এক  
সচেতনতামূলক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় মহিলা  
কমিশনের সদস্য ডাঃ অঢ়না মজুমদার বলেছেন, মহিলাদের সামাজিক ও  
অর্থনৈতিক অধিকার প্রতিষ্ঠিত করতে হলে সর্বাঙ্গে প্রয়োজন শিক্ষা। যাতে  
শিক্ষার আলোয় আলোকিত হয়ে নতুন প্রজন্মের মেয়েরা ভবিষ্যতে

আন্তর্ভুক্ত হতে পারে। রাজ্য মহিলা কমিশনের চেয়ারম্যান ঝর্ণা দেববর্মা বলেন, দাম্পত্য কলহ, বাল্য বিবাহ, গাইস্থ হিংসার মত সামাজিক অবক্ষয় থেকে মহিলাদের সামাজিক সুরক্ষা ও অধিকার প্রতির্থা করা সহ নানাবিধ আইনি পরামর্শ এবং সমস্যা নিরসনের লক্ষ্যে মহিলা কমিশন কাজ করছে।

\* \* \* \* \*

### **Nipun Tripura- North :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন শিশুরা যদি সু-শিক্ষিত হয়, তবেই এগিয়ে যাবে দেশ। গড়ে উঠবে বিকশিত ভারত। গতকাল উত্তর ত্রিপুরা জেলা শিক্ষা অধিকারিকের কার্যালয়ের উদ্যোগে ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে জেলাভিত্তিক নিপুন ফেস্ট-২০২৫ এর আনুষ্ঠানিক উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে শ্রেষ্ঠস্বরে জন্য ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হয়। তাছাড়া জেলায় ৮টি খনকের ৮টি বিদ্যালয়কে শ্রেষ্ঠ নিপুন কর্ণার হিসেবে সংবর্ধনা দেওয়া হয়।

\* \* \* \* \*

### **ARC- Workshop :**

আলু চাষের জন্য এ.আর.সি (Apical Root Cutting) প্রযুক্তিকে কৃষকদের কাছে পৌঁছে দিতে কাজ করছে রাজ্যিক উদ্যান এবং বাগিচা ফসল গবেষণা কেন্দ্র। এই কর্মসূচির অংশ হিসেবে গতকাল মান্দাই কৃষি মহকুমার অন্তর্গত সুমিলি কৃষি সেক্টর অফিসে একদিনের কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় এ.আর.সি'র নোডাল অফিসার অরিন মজুমদার বলেন এ.আর.সি পদ্ধতিতে আলু চাষে ফলন প্রায় তিনগুণ বেশী হয়। এই আলুর বীজের রোগ প্রতিরোধ ক্ষমতা বেশী থাকার ফলে গাছের ক্ষতির সম্ভাবনা অনেক কম। কর্মশালায় স্থানীয় এলাকার পুরুষ এবং মহিলা আলু চাষিরা উপস্থিত ছিলেন।

\* \* \* \* \*

### **Promo Fest South :**

আগামী ১৪ই নভেম্বর দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে বিলোনিয়া শহরে একতা দৌড় এবং ১৫ ও ১৬ নভেম্বর বিলোনিয়ার টেশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে পর্যটন দ্বন্দ্বের উদ্যোগে ইউনিটি প্রমো ফেস্টের প্রস্তুতির পর্যালোচনা সভা গতকাল অনুষ্ঠিত হয় দক্ষিণ জেলা শাসকের অফিসের কনফারেন্স হলে। সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া, দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি সহ বিভিন্ন দ্বন্দ্বের আধিকারিকরা সভায় অংশ নেন।

\* \* \* \* \*

### **Ranji Trophy :**

ত্রিপুরা ও আসামের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হচ্ছে। এম.বি.বি স্টেডিয়ামে সকাল সাড়ে ৮টায় ম্যাচটি শুরু হবে। গতকাল উভয় দল বেশ কিছুটা সময় অনুশীলন করে। এর আগে তিনটি করে ম্যাচ থেলে ত্রিপুরা ৩ ও আসাম ২ পয়েন্ট সংগ্রহ করেছে।

\* \* \* \* \*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*

\* \* \* \* \*